

যুগ্মত্ব

কুবির মূল ফটকে ছাত্রদলের তালা

কুবি প্রতিনিধি

০৫ নভেম্বর ২০২৩, ১০:২২:২৩ | অনলাইন সংক্রান্ত



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) মূল ফটকে তালা দিয়েছে শাখা ছাত্রদল। রোববার সকাল সাড়ে ৬টায় অবরোধের সমর্থনে শাখা ছাত্রদলের সদস্য সচিব মোস্তাফিজুর রহমান শুভর নেতৃত্বে মূল ফটকের ৪টি প্রবেশ মুখে তালা ঝুলানো হয়।

জানা যায়, বিএনপির একদফা দাবি আদায়ে দেশব্যাপী অবরোধের সমর্থনে এ কর্মসূচি পালন করা হয়। এ সময় বিশ্ববিদ্যালয় ছাত্রদলের কয়েকজন নেতাকর্মী এসে মূল ফটকে তালা ঝুলিয়ে চলে যান।

মূল ফটকে কর্তব্যরত আনসার সদস্য বাদল বলেন, সকাল সাড়ে ৬টার দিকে মোটরসাইকেল করে কয়েকজন এসে মূল ফটকের চারটি প্রবেশ মুখে চারটি তালা ঝুলিয়ে চলে যায়। তাদের জিজ্ঞেস করা হলে একজন নিজেকে ছাত্রদলের সভাপতি পরিচয় দেন। এর কিছুক্ষণ পর দুই শিক্ষকের নির্দেশে আমরা তালাগুলো ভেঙে ফেলি।

বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠার (ভারপ্রাপ্ত) কাজী ওমর সিদ্দিকী বলেন, আমি সকালে খবর পাই কিছু ছেলে বিশ্ববিদ্যালয়ের মূল ফটকে ৪টি তালা ঝুলিয়েছে। খবর পেয়ে তাৎক্ষণিকভাবে আমি ঘটনাস্থলে যাই। তবে তারা ছাত্রদলের কিনা এ বিষয়টি আমি নিশ্চিত নই। আমরা এ বিষয়ে পুলিশ প্রশাসনের সঙ্গে কথা বলে ব্যবস্থা গ্রহণ করব।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

